

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৮৮

বিলোনিয়া, ১৭ অক্টোবর, ২০২৩

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক হ্যান্ডলুম এক্সপো

বিলোনিয়ার পুরাতন টাউনহল প্রাঙ্গণে গতকাল থেকে ষোল্লদিনব্যাপী দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক হ্যান্ডলুম এক্সপো শুরু হয়েছে। ভারত সরকারের বঙ্গ মন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনার ফর হ্যান্ডলুমের উদ্যোগে ও আগরতলার উইভার্স সার্ভিস সেন্টারের সহযোগিতায় এই এক্সপোর আয়োজন করা হয়েছে। আগামী ২০ অক্টোবর এই এক্সপো সমাপ্তি হবে। গতকাল এক অনুষ্ঠানে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত এই হ্যান্ডলুম এক্সপোর উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, বিলোনিয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, বিলোনিয়া মহকুমার মহকুমা শাসক রতন ভৌমিক প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনিয়া পুরপরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী। উল্লেখ্য, ভারত সরকারের খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশনের উদ্যোগে গত ২ অক্টোবর থেকে দেশব্যাপী খাদি মহোৎসব শুরু হয়েছে। এর সমাপ্তি হবে আগামী ৩১ অক্টোবর। এই মহোৎসবের উদ্দেশ্য খাদি ও দেশীয় বঙ্গকে জনপ্রিয় করে তোলা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উইভার্স সার্ভিস সেন্টারের উপঅধিকর্তা লক্ষ্মণ চন্দ্র বসাক। জেলাভিত্তিক এই এক্সপোতে তাঁতের তৈরি বঙ্গের ২৬টি স্টল খোলা হয়েছে।

\*\*\*\*\*